অতঃপর সকলকে আশ্বস্ত করলাম এই বলে যে, পৃথিবী ঘুমিয়ে
পড়লেও আমরা ঠিক গন্তব্যে পৌঁছে যাবো! সবশেষে ট্রেনটির
অট্টহাসির সাথে আমরাও ফেটে পড়লাম পৃথিবীর নানা প্রান্তে
যেনো প্রত্যেকেই এক-একটা মিমসিটি এক্সপ্রেস!

সিলেট

শেখ শাহাদাৎ হোসেন/Sheik Shahadat Hossain

কবি কাহিনী

আমরা এমন কবির কথা একটুখানি ভাববো,
যে কবি আজ নদীর মতো হয়ে গেছে নাব্য।
তবে এখন নয়তো কবি মধুমতির মেসার
নিউ ইয়র্ক হাটসানের তীরে খুলেছে তার চেসার।

ফরিদপুর

Naoshi Koriyama

A Book of Powerful Words and Images

This is a unique, remarkable book of poems by Hassanul Abdullah, a Bangladeshi-American poet, translator, and critic. He has published 37 books in various genres. He is a New York City high school mathematics teacher, not an English teacher! The FOREWORD by Jyotirmoy Datta introduces the author in a clear, interesting way. I am interested to know that Jyotirmoy Datta wrote the FOREWORD on the very first day of the year 2015. January 1 is a special day for everyone in the world, being the very first day of the year. In Japan, on January 1, many Japanese men are sipping good sake from the cup by themselves or exchanging cups of sake with close friends or relatives. And this interesting, enlightening FOREWORD was written on 1 January, 2015, though I don't know if it was written with a power of good wine.

Anyway, let me quote some lines from the FOREWORD, which begins with these lines: "Hassanul Abdullah is a phenomenon. Among today's writers from Bengal, he is perhaps unique in his ability to cross geographical, linguistic and literary borders. He does so with the ease of a petrel crossing storm-tossed seas..." Mr. Datta goes on to say, "His personal appearance is as impressive as his poetry. His head is surrounded by a halo of curly hair. His eyes are as bright as the headlamps of a powerful automobile. When I first encountered him at a poetry reading in New York, he had the chest of a wrestler, with muscles visibly coiling and uncoiling under his shirt..." And yet, "He is good at mathematics—in which I score a zero. Perhaps the same thing happens when I come to Hassanul's metaphysical poetry; I might just be out of my depth. But I appreciate and enjoy his lyric work, and also his sonnets, and his critical essays, and his translations..."

I afraid my reference to the FOREWORD is a bit too long, but I thought I would share my joy of reading it with the reader.

FERRY RIDE is the first poem in the book, which deserves our special attention. Since the poet's mind is full of new, fresh images, I have to stop and think, think and stop, as I try to clearly catch the images, and the combinations of images.

*The waves tapped on the hull of the ferry an invitation
from the blue waters in a code we joyously deciphered*

The poet has special sensitivity to catch "an invitation from the blue waters in a code that we joyously deciphered."

Words and images in *Under the Thin Layers of Light* are powerful and fresh, hammered out by the powerful hands of the man "who has the chest of a wrestler, with muscles visibly coiling and uncoiling under his shirt." THIS HAND is one of the best poems in this book. Let me quote the last part of the poem:

*sitting beside the arsenic-scaled
less-fortunate housewives of Bangladesh
and washing out the heartache with tears,*

*this hand
rises up against the nuclear terror
fifty-two weeks a year.*

Another impressive poem is VULTURES ARE DOING WELL, in which vultures are depicted beautifully in clear words. This poem is my favorite. The ending part of the poem is very suggestive.

*Now, I see vultures—lots of them living around us.
They lead a gorgeous life eating expensive food.
I see thousands, millions of them.
They are healthy, brightly colored—
yellow, blue, black, and crimson—
waiting for a chance to tear at civilization with their sharp beaks.*

Now, I see vultures all around me.

As I leaf through this book, reading one poem after another, I come to realize that the poet does something we Japanese poets usually don't. He creates a vivid, elaborate, graphic description of sexual activities. ANXIETY IN THE MILKY WAY is very interesting. Since we don't have this kind of poetry in Japan, it immensely interests me. I enjoy reading and rereading this poem. I am sure the reader will enjoy the following quotes:

*I relished each and every twist and turn
of her lustrous limbs
completely sleepless throughout the night.*

*Starting from the toenail, gliding up
through the smoothness of the slender body
to the sway of her perfumed hair,
last night,
every cell of her shape was
in my total control,
as if I were a brazen bison of
twenty-two, a vibrating valiant,
and she was an unveiled virgin of blooming eighteen.
I entirely dissolved*

*into her
luminous labyrinth...*

From time to time, we come across difficult lines like the following, and I try to understand what these lines mean and I come to realize that each poet has his or her own way of looking at things, and has his or her own way of feeling things.

*A dozen wine bottles dazzled between
the human race and its growing civility.*

Now, let's take a look at the title poem, UNDER THE THIN LAYERS OF LIGHT which is a lovely sonnet. Let me quote it in its entirety.

*Assembling under the thin layers of light,
our words drowned in vital prayer.
In the garden, rose and jasmine, engaged
in receiving love from the bosom of the wind,
while unselfishly spreading exotic scent.
In search of life, suddenly arose grass
that was long under the big tree trunk—
would the dead ever realize this love?*

*Hornets and bees swarmed in ecstasy—
the ponds, canals, and marshes smiled, too.
Pigeons, robins, cuckoos, and cranes came
closer to each other's music fluttering their wings.
The green forest lifted its eyes and looked—
The young exuberant heart suddenly shone in luster.*

I WILL EAT has splendid images:

*I will eat Heaven
and Hell
Wise guys and the loon—*

*I will eat the sun
and the moon*

In AN EPISODE OF A LONELY PLANET, I am simply astounded by the scale of the loneliness of the author:

*My loneliness is roughly about 4.6 billion years old. Its
diameter is as great as the closest galaxy—orbiting at a safe
distance from Andromeda*

Now, the book comes to its end with the significant poem, WHEN GOD IS DEAD, which previously appeared in BRIDGING THE WATER, and international bilingual poetry anthology (2013). In its final stanza, we find the author declaring:

*When God is dead
I will stop writing poems
and believe me, my lady,
I will be in a bed with you
for three consecutive days and nights
and will never be separated.*

All in all, this is a book of poetry filled with powerful words and images.

Under the Thin Layers of Light by Hassanal Abdullah (Cross-Cultural Communications, Merrick, New York, 2015)

From *PANDORA II*, Japan, 2017

সম্পাদকের জার্নাল/Editor's Journal

১. জ্যোতির্ময় ও মীনাঙ্কী দত্তের সম্মান

“ক্লিন্টন, আপনি কি স্যান্ডেল পরেন না চপ্পল?” আমি বিখ্যাত অনুবাদক ও শিকাগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ক্লিন্টন বি সিলিকে জিজ্ঞেস করি। তিনি বলেন, “আমি এক জোড়া চটি পায় দেই।” তাঁর উত্তর এতোই সৌকশ ছিলো যে আমি অবাক না হয়ে পারি না। আমাদের কথা হচ্ছিলো বাংলা কবিতা নিয়ে। কিন্তু তিনি একজন আমেরিকান হয়েও যেভাবে বাংলা বলছিলেন, তা দেখে আমার কৌতূহল হয়, জানতে ইচ্ছা করে ঢাকা ও কলকাতার কথ্য রীতির পার্থক্যের সাথে তাঁর পরিচয় কতোটুকু। এই ইচ্ছার পিছনেও একটি কারণ আছে। কয়েক বছর আগে আরেক মার্কিন কবি ক্যারোলিন রাইট এসেছিলেন আমাদের নিউইয়র্কের বাসায়। ক’দিন জমিয়ে আড্ডা হয়েছিলো। তখন কবি রফিক আজাদও ঢাকা থেকে আমার সম্পাদিত কবিতা পত্রিকা ‘শব্দগুচ্ছ’র দশ বছর পূর্তিতে অতিথি হয়ে এসেছিলেন। রফিক আজাদ, তাঁর স্ত্রী দিলারা হাফিজ, ক্যারোলিন, আমি ও আমার স্ত্রী নাজনীস সীমন, সব মিলে একঝাঁক কবি একত্রিত হলে যা হয়, আমরা তাই চুটিয়ে আড্ডা দিচ্ছিলাম। এক সময় ক্যারোলিন বলে উঠলেন, জানো আমি ঢাকার বাংলায় কথা বলি, আমি কলকাতার বাংলায় কথা বলি না। প্রমাণ দেখাতে তিনি বললেন, এই দেখো আমি স্যান্ডেল বলি না চপ্পল বলি, আমি হাইব্রাড প্রেসার বলি না, বলি উচ্চ রক্ত চাপ। তাঁর কথা শুনে আমরা সবাই হো হো করে হেসে উঠি। পরে তাঁকে বুঝিয়ে দেই যে, ঢাকায় কেউ চপ্পল পরে না, পরে স্যান্ডেল; আর বাংলাদেশীরা ইংরেজিতে হাইব্রাড প্রেসার বলতেই বেশি পছন্দ করে; কারণ উচ্চ রক্তচাপ তাদের মাথা ঘুরিয়ে দেয়! আমার কথার হাস্যরসটা ধরতে পেলে আমাদের ইঁদুর, হ্যাঁ ক্যারোলিনের ডাক নাম, বেশ মজা করে হাসেন। ফলত, এবার ক্লিন্টন বি সিলির সাথে দেখা হলে আমিও যাচাই করতে চাই তিনি কথ্য বাংলার এই ফারাকটা জানেন কি না। কিন্তু তিনি আরো এক ডিগ্রী উপরে উঠে এমন যুৎসই উত্তর দেন যে আমি আর ওদিকে আগাতে সাহস পাই না। বলি, ‘এ পোয়েট এপার্ট’ বইতে আপনি বাংলাদেশের যে চমৎকার একটি বর্ণনা দিয়েছেন, তার তুলনা হয় না। অবশ্যই জীবনানন্দের জীবনী নিয়ে এটি একটি ঐতিহাসিক বই, কিন্তু স্বদেশের এমন বর্ণনা কোনো ইতিহাস বইতেও আমি পাইনি। তিনি তাঁর কলকাতা ও ঢাকা বাসের গল্প করেন। আমাদের এই আড্ডা হচ্ছিলো বস্টনের অদূরে আলিংটন শহরে গৌরি দত্তের বাসায়। দিনের সাংগঠনিক কর্মকাণ্ড সেরে নিউইয়র্কে ফেরার আগে একদণ্ড জিরিয়ে নেবার আয়োজনসহ রাতের খাবারের ব্যবস্থা করেছিলেন গৌরি। আমার কথার রেস কাটতে না কাটতেই পাশ থেকে একজন জিজ্ঞেস করেন, এই মুহূর্তে আপনি কি কাজ করছেন? শরীরটাকে সোফায় এলিয়ে দেবের আগে সরাবের পেয়ালাটা টি-টেবলে রেখে ক্লিন্টন উত্তর দেন, “অবসর যাপন করছি!” শীতের শুরুতে গাছের পাতা ঝরার মতো স্বাভাবিক ভার মুক্তি ফুটে ওঠে তাঁর স্বরে। “কোনো কাজ করতে যাওয়াটা বড়ো কঠিন!” অবস্থান পজ করেন তিনি। প্রশ্ন কর্তা হতাশ হন, “তার মানে সাহিত্যের জন্যে আর কিছুই করতে চান না আপনি?” ক্লিন্টন এবারও স্বাভাবিক, “মনে হয় না। তবে যদি এমন কিছু পাই যা আমাকে হঠাৎ নাড়া দেয়, হয়তো তা নিয়ে কিছু করবো। এই তো ক’বছর আগে মেঘনাদ বধের অনুবাদ বের হলো।” জ্যোতির্ময় দত্ত বললেন, “স্ত্রীর মৃত্যুর পর কোথাও বের হয়নি ক্লিন্ট।

আজকের অনুষ্ঠানের সবচে’ বড়ো দিক হলো আমি ওঁকে ঘর থেকে অন্তত বের করে আনতে পেরেছি।”

মূল আয়োজন ছিলো দুপুরে, আলিংটন শহরে অবস্থিত ঐতিহাসিক পাবলিক লাইব্রেরীতে, জ্যোতির্ময় দত্ত ও মীনাঙ্কী দত্তকে নিয়ে লেখা বই ‘ফেস্টশিফট’-এর প্রকাশনা উৎসব। সম্পাদনা করেছেন মনিষা রায়, সুমিত নাগ ও গৌরি দত্ত। এই প্রকাশনা অনুষ্ঠানের অনেক আগেই বইটি আমার হাতে এসেছিলো। বন্ধুদের স্মৃতিচারণ ও মূল্যায়নমূলক এই বই পড়ে বর্ষীয়ান ও ঐতিহাসিক এই দম্পতি সম্পর্কে আরো অনেক তথ্য পাওয়া গেলো। সঙ্কলনটিকে দুই ভাগ করা হয়েছে। প্রথম ভাগে বাংলা, লিখেছেন নবনীতা দেবসেন, মনীষা রায়, দময়ন্তী বসু সিং, হিরণ মিত্র, করবী নাগ, সৈয়দ শহীদ, ওমর শামস, পৃথ্বীশ কুমার রায়, প্রবজ্যোতি নন্দী, চিত্ররথ দত্ত, মায়া সিদ্ধান্ত, আজিজুর রহমান, অসিত পোদ্দার, ভারতী মল্লিক, নন্দিতা বাগচি ও শর্বরী দত্ত। দ্বিতীয় ভাগে যথাযথ ভাবে স্থান পেয়েছে ইংরেজী, লিখেছেন ক্লিন্টন বি সিলি, রবিন টুইট, ইভা ফ্রিডল্যান্ডার, ক্যারোলিন রাইট, জোন জিভারম্যান, সমির দত্ত, রিতা দত্ত, তিমির দত্ত, কংকাবতি দত্ত, মেল দত্ত, পুরব সরকার, নিষাদ দত্ত, কার্ল ভন এসেন, রনজয় ঘোষ, কালুস শিলিটসম্যান ও গৌরি দত্ত। বইয়ের ফ্লাপে লেখা হয়েছে, “জ্যোতির্ময় ও মীনাঙ্কী দত্ত এক উজ্জ্বল বহুমুখী প্রতিভার আন্তর্জাতিক বাঙ্গালী দম্পতি, পশ্চিমবঙ্গ থেকে নিউজার্সি পর্যন্ত কোথাও যার জুড়ি মেলা ভার।...এই সংকলনটি ভারতবর্ষ থেকে সুদূর উত্তর আমেরিকায় ছড়িয়ে থাকা জ্যোতির্ময় ও মীনাঙ্কীর বন্ধুদের ভালবাসায় মোড়া...”

২. কাজী আরিফ, বেঁচে থাকবে আপনার কণ্ঠ

আশির দশকের শেষের দিকের কথা, আমি তখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ছাত্র। তিন মাসের এক আবৃত্তি কর্মশালার প্রথম দিনই শিক্ষক হিসেবে পেয়েছিলাম কাজী আরিফকে। এরপর প্রজ্ঞা লাবনীসহ অন্যান্য অনেক গণ্যমান্য ব্যক্তিই এসেছিলেন সেই কর্মশালার উপাধ্যায় হয়ে। তিন মাস আবৃত্তি শেখার পর আমি অবশ্য শেষ পর্যন্ত সমাপনী অনুষ্ঠানে সনদপত্র সংগ্রহ করতে যাইনি। কারণ, ইতোমধ্যে আমি বুঝে ফেলেছিলাম, আবৃত্তি আমার কাজ নয়। কিন্তু কাজী আরিফকে সেই থেকে চিনি। পরে, অবশ্য নিউইয়র্কে তাঁর বসবাসের প্রথম পর্বে বেশ কয়েকবার দেখা হয়। তাঁর আবৃত্তি যে আমার প্রিয় সেকথাও তাঁকে জানানোর সুযোগ হয়েছিলো। অন্য দশজন আবৃত্তিকারের মতো তিনি ছিলেন না। যতোদূর জানি চিঠিপত্র কিম্বা গল্পের রচনাকে তিনি কবিতার কাতারে তুলে আনেননি, যদিও জীবনের শেষ দিকে কিছুটা ব্যত্যয় ঘটেছিলো। তিনি একটি ভালো কবিতা আবৃত্তির কৌশল আবিষ্কার করে শব্দ মাধুর্য শ্রোতার কানে পৌঁছে দেবার জন্যে নানা অনুশীলনের ভেতর দিয়ে নিজে থেকে প্রকাশ করতেন। যেমন নজরুলের ‘কোরবানি’ কিম্বা ‘অন্তর ন্যাশনাল সঙ্গীত’ ইত্যাদি। এই কবিতা দুটো তাঁর কণ্ঠে সর্বদাই আমার কানে অনুরণন তোলে। তাঁর নিউইয়র্ক বসবাসের দ্বিতীয় পর্বে একদিন হঠাৎ করেই ভিড়ের মাঝে জ্যাকসন হাইটস-এ দেখা হয়ে যায়। কুশল বিনিময়ের পর তিনি জানান যে এখানকার একজন কবির সাথে কথা প্রসঙ্গে সেইদিনই নাকি আমার কথা বলছিলেন। আমি কৃতজ্ঞতা জানাই। এতোবড়ো একজন আবৃত্তিকারের প্রাসঙ্গিক আলাপে আমিও উঠে আসতে পারি, এই জানাটা আমার কাছে ছিলো অন্যরকম। কাজী আরিফ, বাংলা ভাষা আপনাকে মনে রাখবে, আমরা নিয়মিত শুনবো আপনার কণ্ঠে বাংলা কবিতা! বেঁচে থাকবে আপনার কণ্ঠ। —হাসানআল আব্দুল্লাহ

SHABDANEWS:

শব্দগুচ্ছ কবিতা পুরস্কার ২০১৭ পেলেন ব্রিটিশ কবি পিটার টিবেট জোনস

এ বছর শব্দগুচ্ছ কবিতা পুরস্কার পেলেন ব্রিটিশ কবি পিটার টিবেট জোনস। গত ১৬ ডিসেম্বর ৪৬তম বিজয় দিবস উপলক্ষে নিউইয়র্কে শব্দগুচ্ছ কার্যালয়ে অয়োজিত এক অনুষ্ঠানে পুরস্কার প্রাপ্ত এই কবির নাম ঘোষণা করেন মার্কিন কবি ও প্রকাশক স্ট্যানলি এইচ বারকান। বারকানের হাতে পুরস্কার প্রাপ্ত কবির নাম লেখা খাম তুলে দেয়ার আগে শব্দগুচ্ছ সম্পাদক হাসানআল আব্দুল্লাহ বলেন, “নবম বারের মতো আমরা এই পুরস্কার ঘোষণা করতে যাচ্ছি। এ পর্যন্ত যাঁরা পুরস্কার পেয়েছেন তাঁরা সবাই বাঙালি কবি। কিন্তু শব্দগুচ্ছ যেহেতু একটি আন্তর্জাতিক কবিতা পত্রিকা তাই ভিন্ন ভাষার যেসব লেখক এই পত্রিকায় লিখছেন কবিতার মান বিবেচনা করে তাঁদেরও এই পুরস্কারের আওতায় আনা দরকার।” কবি স্ট্যানলি বারকান পুরস্কার ঘোষণা করে কবি পিটার টিবেট জোনস-এর দীর্ঘ কাব্যময় জীবনের নানাদিক তুলে ধরেন। তিনি তাঁর কবিতাও পড়ে শোনান। পিটার টিবেট জোনস ১৯৫১ সালে ওয়েলস-এ জন্মগ্রহণ করেন। এ পর্যন্ত তাঁর প্রকাশিত কাব্যগ্রন্থ সংখ্যা ১৬। তাঁর লেখা গ্রন্থ পেঙ্গুইন, ম্যাকমিলান, ও অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেসসহ বেশ কিছু বড়ো প্রকাশনা থেকে ইতোমধ্যে বের হয়েছে। তিনি ‘লিটল ডিলান টমাস’ নামে খ্যাত এবং দ্যা সেভেন্থ কোয়ারি নামে একটি ব্রিটিশ কবিতা পত্রিকার সম্পাদক। শব্দগুচ্ছ-র পক্ষ থেকে কবি পাবেন দুশ’ ডলার ও একটি সম্মাননা ফ্রেস্ট।

পুরস্কার ঘোষণার পর বিজয় দিবস উপলক্ষে কবিতা পাঠে অংশ নেন স্ট্যানলি এইচ বারকান, হাসানআল আব্দুল্লাহ, লুৎফুন নাহার লতা ও নাজনীন সীমন। লুৎফুন নাহার লতা ও নাজনীন সীমন রবীন্দ্রনাথের কবিতাও আবৃত্তি করে শোনান। এলেন গিন্সবার্গের ‘সেপ্টেম্বর অন যশোর রোড’ আবৃত্তি করেন মার্ক ওয়েনবার্গ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, বিবি বারকান, নাজমুল কাদির ও তানভির রাহিম। সঙ্গীত পরিবেশন করেন শিল্পী মিনি কাদির। সবশেষে কেক কেটে শব্দগুচ্ছ-র সহকারী সম্পাদক কবি নাজনীন সীমনের জন্মদিন পালন করা হয়।

নিউজার্সি ক্রিফটনে কবিতা পড়লেন হাসানআল আব্দুল্লাহ

নিউজার্সি ক্রিফটন শহরের এএনটি বুকস্টোরে ফিচার পোয়েট হিসেবে কবিতা পড়লেন কবি হাসানআল আব্দুল্লাহ। ১৮ নভেম্বর, শনিবার সন্ধ্যা সাড়ে সাতটায় অনুষ্ঠানের শুরুতেই আয়োজক, কবি ও অধ্যাপক জিম গেইন হাসানআল আব্দুল্লাহকে পরিচয় করিয়ে দেন। সেই সূত্র ধরে হাসানআল বলেন, “হ্যাঁ, আমিই সেই কালপ্রিট যিনি শেক্সপীয়ারের মতো করে সনেট লিখবেন না বলে মন স্থির করেছিলেন।” দর্শক শ্রোতাদের হাসি ও হাততালির ভেতর দিয়ে তিনি তার সাত-সাতো স্তবক বিন্যাস ও নতুন করে অন্তর্মিল দিয়ে লেখা স্বতন্ত্র সনেটকে পরিচয় করিয়ে দেন। বাংলা সনেটের জনক মধুসূদন দত্তের কথা তুলে তিনি বাংলা সনেটের একটি নাতীদীর্ঘ ইতিহাসও বর্ণনা করেন। তিনি একে একে তাঁর প্রকাশিত তিনখানা দ্বিভাষিক কাব্যগ্রন্থ থেকেই কবিতা পড়েন। প্রথম কবিতাটি অবশ্য ইংরেজী বাংলা দুই ভাষাতেই উপস্থাপন করেন। স্থানীয় কবি রস-এর অনুরোধে তিনি পড়েন ‘হোয়েন গড ইজ ডেড’ নামে তাঁর বহুল পঠিত ও আলোচিত কবিতাটি। তিনি বলেন, “যদিও আমার দ্বিভাষিক গ্রন্থে কবিতাটি সংযোজিত হয়েছে, আমি কিন্তু এটি প্রথমে ইংরেজীতে লিখি, তারপর এর বাংলা অনুবাদ করি।” আরেক কবির অনুরোধে তিনি বাংলা ও ইংরেজী ছন্দের মূল পার্থক্যগুলো তুলে

ধরেন। আলোচনায় উঠে আসে বাংলায় তিন প্রকার স-এর উচ্চারণও। অনুষ্ঠানের অন্য ফিচার পোয়েট ছিলেন এলিসা লেপেন। ফিচার শিল্পী ছিলেন জেরি ফারারা। উভয়ে তাঁদের পরিবেশনা দিয়েও দর্শক শ্রোতাদের মুগ্ধ করেন। জেরি ফারারা হাসানআল আব্দুল্লাহর একটি গানের অনুবাদে তাৎক্ষণিক সুর দিয়ে গেয়ে শোনান। উন্মুক্ত পাঠে স্থানীয় বেশ ক’জন কবি অংশ নেন। আসর শেষে বুকস্টোরের পক্ষ থেকে চা-নাস্তার ব্যবস্থা করা হয়।

বিশ্ব কবিতার নতুন সঞ্চলনে স্থান পেলেন কবি হাসানআল আব্দুল্লাহ

চীন থেকে প্রকাশিত বিশ্ব কবিতার একটি নতুন সঞ্চলনে বাংলাদেশের কবি হিসেবে দ্বিতীয় বারের মতো জায়গা করে নিলেন কবি ও শব্দগুচ্ছ সম্পাদক হাসানআল আব্দুল্লাহ। সংক্ষিপ্ত পরিচিত ও ছবিসহ এই এন্থোলজিতে তাঁর দু’টি কবিতা স্থান পেয়েছে। প্রথম কবিতা ‘সমুদ্রের পথে’ অনুবাদ করেছেন জ্যোতির্ময় দত্ত, আর দ্বিতীয় কবিতা ‘হাতের প্রসঙ্গ কিম্বা বেড়ে ওঠা অন্ধকার’ অনুবাদ করেছেন কবি নিজে। একশ’ একটি দেশের ২২১ জন কবির কবিতা এই সঞ্চলনে রয়েছে। উল্লেখ্য ২০১৬ সালে চীন সরকারের আমন্ত্রণে তিনি সে দেশে অনুষ্ঠিত সিন্স রোড আন্তর্জাতিক কবিতা সম্মেলনে যোগ দেন এবং ইয়োরোপিয় কবিতা পুরস্কার হোমার মেডেলে ভূষিত হন। হাসানআল আব্দুল্লাহর প্রকাশিত বইয়ের সংখ্যা ৩৮। তাঁর কবিতা অনূদিত হয়েছে ইংরেজী, ফরাসি, পোলিশ, স্পেনিশ, কোরিয়ান, চীনা ও ভিয়েতনামী ভাষায়। নিউইয়র্কে বসবাসরত, গণিতের শিক্ষক, কবি হাসানআল আব্দুল্লাহ ইতিমধ্যে তাঁর রচিত নতুন ধারার ‘স্বতন্ত্র সনেট’-এর মাধ্যমে ইতোমধ্যে আন্তর্জাতিক কাব্যক্ষেত্রে বিশেষ ভাবে পরিচিতি লাভ করেছেন।

মার্কিন কবিতা উৎসবে সনেট বিষয়ক সেমিনার

আমেরিকার মূলধারার কবিতা উৎসবে নিজের উদ্ভাবিত ‘স্বতন্ত্র সনেট’ বিষয়ক সেমিনার পরিচালনা করেছেন কবি ও শব্দগুচ্ছ সম্পাদক হাসানআল আব্দুল্লাহ। সেমিনারের শিরোনাম ছিল “আমি যেভাবে স্বতন্ত্র সনেট লিখি।” গত ৪-৭ মে অনুষ্ঠিত নবম ম্যাসাচুসেটস কবিতা উৎসব বস্টনের অদূরে সেলেম শহরে স্থানীয় পিবাডি এসেঞ্জ মিউজিয়ামের দুই নম্বর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে বক্তা ছিলেন প্রফেসর ক্রিস্টিন ডোল, প্রফেসর বিল ওয়ালেক ও কবি নাজনীন সীমন। এরা প্রত্যেকেই কবিকৃত ইংরেজি অনুবাদে একাধিক স্বতন্ত্র সনেট পড়ে শোনান এবং এর বৈশিষ্ট্য তুলে ধরেন। বাংলা ভাষায় প্রথম সনেট রচয়িতা মহাকবি মাইকেল মধুসূদন দত্ত, রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল ইসলামের নামও একাধিকবার সেমিনারে উঠে আসে। উঠে আসে সনেটের আদিগুরু কবি ফ্রানসেসকো পেট্রার্ক ও কবি উইলিয়াম শেক্সপীয়ারের কথাও। হাসানআল আব্দুল্লাহ এই দুই কবির সনেটের পাশাপাশি স্বতন্ত্র সনেট রেখে পার্থক্যগুলো বর্ণনা করেন। এর আগে হাসানআল আব্দুল্লাহ স্থানীয় হটন হোটলে কবিতার অনুবাদ বিষয়ক আরেকটি সেমিনারে বক্তা হিসেবে অংশ নেন।

উল্লেখ্য হাসানআল আব্দুল্লাহ নব্বই দশকের মাঝামাঝি নতুন ধারার এই সনেট প্রবর্তন করেন এবং ১৯৯৮ সালে ‘স্বতন্ত্র সনেট’ নামে ১০০টি সনেটের বই ঢাকা থেকে প্রকাশিত হয়, এ পর্যন্ত যার তিনটি সংস্করণ বেরিয়েছে। নিউইয়র্কের ফেরল প্রেস থেকে ইংরেজি অনুবাদে বেরিয়েছে “স্বতন্ত্র সনেট: বেঙ্গালি উইথ ইংলিশ ট্রান্সলেশন” (২০১৭)।

নানা অনুষ্ঠানের ভেতর দিয়ে ঢাকা গোপালগঞ্জ ও নিউইয়র্কে পালিত হলো কবি হাসানআল আন্দুল্লাহর ৫০তম জন্মদিন

১২ এপ্রিল ২০১৭, বুধবার, সন্ধ্যায় বিশ্বসাহিত্য কেন্দ্রে অনুষ্ঠিত হলো কবি হাসানআল আন্দুল্লাহর ৫০তম জন্মজয়ন্তী উৎসব। প্রধান অতিথি কবি নির্মলেন্দু গুণ বলেন, “আমি অন্যপাঁচজন কবির থেকে হাসানআলকে একটু বেশী ভালোবাসার অনেকগুলো কারণের একটি হলো তিনি একজন শহীদ মুক্তিযোদ্ধার সন্তান। কোনো কবি যদি বাংলাদেশ ও বঙ্গবন্ধুর প্রতি অশ্রদ্ধা প্রকাশ না করেন, তিনি যতোবড়ো প্রতিভাবন হন না কেনো, আমার কাছে তার কোনো মূল্য নেই। হাসানআল আন্দুল্লাহ শুধু “নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ” ও “স্বতন্ত্র সনেট” দিয়েই আমাকে আকর্ষণ করেননি, মুক্তিযুদ্ধের চৈতন্যের স্বপক্ষে তাঁর নানা কর্মকাণ্ডও আমাকে নাড়া দিতে পেরেছেন।” ২০১৬ সালে কবির চীন সফর ও হোমার মেডেল প্রাপ্তির কথা উল্লেখ করে গুণ আশা করেন যে হাসানআল আন্দুল্লাহ বাংলা কবিতাকে সর্বোচ্চ মর্যাদা এনে দেবে। অনুষ্ঠানের সভাপতি, ভয়েজ অব আমেরিকা ও বিবিসির প্রাক্তন সাংবাদিক মমতা শামীম চৌধুরী বলেন, “হাসানআল আন্দুল্লাহ ইতিমধ্যে কবিতায় তাঁর স্বতন্ত্র বৈশিষ্ট্যের জন্যে আন্তর্জাতিক স্মৃতি পয়েছেন। তাঁর এই স্মৃতি চূড়া স্পর্শ করার আগে বাংলাদেশও তাঁকে রিকগনাইজড করুক আমি সেটা দেখতে চাই।” তিনি বলেন, “বাংলা একাডেমীর কর্তাব্যক্তির আগামী ফেরয়ারিতে আমাদের এমন আরেকটি উৎসব করার ক্ষেত্র তৈরি করে দেবেন বলে আমি আশা করি।” অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পুথিনিলয় প্রকাশনার স্বত্বাধিকারী শ্যামল পাল, কবি ও শিক্ষাবিদ দিলারা হাফিজ, প্রবপদ প্রকাশনীর স্বত্বাধিকারী আবুল বাশার ফিরোজ ও সহকারী সচিব ড. মোহাম্মদ আমীন। অনুষ্ঠানের এক পর্যায়ে আসেন আনোয়ারা সৈয়দ হক। তিনি হাসানআল আন্দুল্লাহকে ফুলের তোড়া উপহার দেন। কবির নানা কর্মকাণ্ডের প্রশংসা করে তিনি তাঁর বক্তব্যে কবিকে অভিনন্দন জানান।

কবি হাসানআল আন্দুল্লাহর সৃজনশীল কর্মকাণ্ড নিয়ে মূল্যায়নধর্মী আলোচনায় আরো অংশ নেন হুমায়ুন কবির ঢালী, রেজা ঘটক, দিপু শিকদার, দিলদার হোসেন, তুষার প্রসূন, মর্জিনা ইয়াসমিন, সৈকত হাবীব, ও মাহবুব মিত্র প্রমুখ। কবিকে উৎসর্গকৃত কবিতা পড়ে শোনান মতিন রায়হান। নতুন ধারার সনেট ও মহাকাব্যের মাধ্যমে বাংলা কবিতায় বিশেষ অবদানের জন্য কবি হাসানআল আন্দুল্লাহর হাতে সম্মাননা স্মারক তুলে দেন জন্মজয়ন্তী উদযাপন পরিষদের প্রধান উপদেষ্টা কবি নির্মলেন্দু গুণ। অনুষ্ঠানে কবির কবিতা আবৃত্তি করেন সানজিদা কাজী, নাহিদা আশরাফী ও সুরাইয়া হেনা। কবি রচিত সংগীত পরিবেশন করেন নাজলী ইয়াসমিন দ্বিতীয়। কবির ৫০ পুঁতি উপলক্ষে পুথিনিলয় প্রকাশিত গ্রন্থ “কাব্য অভিযাত্রী: হাসানআল আন্দুল্লাহ” উপস্থিত সবার হাতে তুলে দেয়া হয়। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ৫০পুঁতি উদযাপন কমিটির সমন্বয়কারী কবি রনি অধিকারী।

ওদিকে পহেলা বৈশাখ, কবির জন্মদিনে, এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে গোপালগঞ্জ বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগ। বিভাগীয় প্রধান অধ্যাপক সুকান্ত বিশ্বাস এবং বাংলা ও ইংরেজী বিভাগের ছাত্রছাত্রীরা গুরুত্বপূর্ণ কবিকে ফুলেল শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে কবির কবিতা ছাড়াও রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, জীবনানন্দ দাশ, নির্মলেন্দু গুণ, হুমায়ুন আজাদ ও রুদ্র মুহম্মদ শহীদুল্লাহর কবিতা পাঠ করেন শিক্ষার্থীরা। বাঁশি বাজিয়ে ও উচ্চাঙ্গ সঙ্গীত শুনিতে সবাইকে মুগ্ধ করেন তারা। শিক্ষকদের মধ্যে আরো অংশ নেন অধ্যাপক হাবিবুর রহমান, অধ্যাপিকা জাকিয়া সুলতানা মুক্তা ও অধ্যাপক মো: রাকিবুল ইসলাম। ছাত্রছাত্রীদের মধ্যে অংশ নেন চয়ন মল্লিক, আল আমিন, রিপন ঘরামি, সত্যজিত

মণ্ডল, শশী প্রসাদ শীল, পিয়া মণ্ডল, সীমা রায়, মাইনুল ইসলাম সাগর, এনামুল হক প্রমুখ। কবিতা পড়েন স্থানীয় কবি গাজী লতিফ ও শরিফুল ইসলাম। তাছাড়া একই দিনে কবিকে নিয়ে একাধিক আসর বসে তাঁর প্রাথমিক ও মাধ্যমিক স্কুলে। এসব অনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ে ছাত্র শিক্ষকেরা অংশ নেন। সবগুলো আয়োজনেই কবি হাসানআল আন্দুল্লাহ তাঁর কাব্যযাত্রার নানা দিক তুলে ধরেন; তাঁর বক্তব্যে উঠে আসে বৈশাখের কথা, মুক্তিযুদ্ধের কথা, মুক্তিযুদ্ধে শহীদের কথা, মহান নেতা বঙ্গবন্ধুর কথা। তিনি বেশ কিছু কবিতাও আবৃত্তি করে শোনান। এর আগে কবির জন্মভিটায় বৈশাখের প্রথম প্রহরে, কবি জননী কবিকে মিস্ত্রিমুখ করান ও তাঁর হাতে ভুলের তোড়া তুলে দেন। দূর দূরান্ত থেকে আত্মীয়-স্বজন বন্ধু-বান্ধব জড়ো হন, বনভোজনসহ আনন্দ উৎসবে মেতে ওঠেন। উল্লেখ্য কবি হাসানআল আন্দুল্লাহ ১৩৭৪ বাংলা সালের পহেলা বৈশাখ গোপালগঞ্জ জেলার ঘোনাপাড়া গ্রামে তাঁর মাতুলালয়ে জন্ম গ্রহণ করেন। কবির পৈত্রিক নিবাস একই জেলার গোপীনাথপুর গ্রামে। এ পর্যন্ত তাঁর প্রকাশিত গ্রন্থ সংখ্যা গদ্য-পদ্যে ৩৭। তাঁর কবিতা অনূদিত হয়েছে সাতটি ভাষায়। তিনি ‘শব্দগুচ্ছ’ সম্পাদক ও নিউইয়র্কের হাইস্কুল সিস্টেমে গণিতের শিক্ষক। জন্মোৎসবের এ সব অনুষ্ঠানে যোগ দিতে তিনি মাত্র ছয় দিনের সফরে দেশে যান।

ওদিকে নিউইয়র্কে ৫০তম জন্মদিন উপলক্ষে কবির স্ত্রী, সন্তান ও বন্ধুরা ৩০ এপ্রিল আয়োজন করেন এক সারপ্রাইজ পার্টি। উপস্থিত ছিলেন সৈয়দ মুহম্মদ উল্লাহ, বেলাল বেগ, মোহম্মদ আতাউর রহমান, প্রদীপ কর, ফারুক আজম, নাজমুল কাদির, পূর্ণ মুখার্জি ও ‘প্রকৃতির শিল্পী’বৃন্দ। গান কবিতা ও খাবারের এই আয়োজন ছিলো মনোমুগ্ধকর। অনুষ্ঠানের মূল রূপকার কবি-স্ত্রী নাজনীন সীমন ও সন্তান একক সৌবীরসহ সকলকে কবি কৃতজ্ঞতা ও ভালবাসা জানান।

বিশ্বসাহিত্য কেন্দ্রে কবি হাসানআল আন্দুল্লাহর নাট্যগ্রন্থ ‘অধোমুখ’ আলোচিত

১৬ ডিসেম্বর ২০১৭ শনিবার বিশ্বসাহিত্য কেন্দ্রের সমকালীন সাহিত্য আসরে আলোচিত হয় কবি হাসানআল আন্দুল্লাহর তিনটি নাটকের বই ‘অধোমুখ’। কুইন্স সেন্ট্রাল লাইব্রেরীর সহযোগিতায় জ্যামাইকার প্রধান লাইব্রেরীর সম্মেলন কক্ষে আলোচনায় অংশগ্রহণ করেন প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদউল্লাহ, লেখক-গবেষক আহমদ মযহার, নাট্যজন-লেখক লুৎফুন নাহার লতা, শিক্ষক-কবি নাজনীন সীমন ও নাট্যজন মুনাল ঘোষ।

বিকেল আড়াইটা থেকে আলোচনা চলে পাঁচটা পর্যন্ত। বিশ্বসাহিত্য কেন্দ্র নিউইয়র্ক শাখার প্রোগ্রাম ডিরেকটর মাহফুজা এ হাসান ও কুইন্স লাইব্রেরীয়ান সেলিনা শারমিন সকলকে স্বাগত জানান এই আলোচনার আসরে।

গুরুত্বপূর্ণ হাসানআল আন্দুল্লাহ নাটক লেখার প্রক্ষাপট ও তাঁর দীর্ঘ প্রস্তুতির কথা তুলে ধরে সমকালীন বিশ্বনাটকের বৈচিত্র্যের কথা উল্লেখ করেন। তিনি বিজয় দিবসের জাতির জনক বঙ্গবন্ধুর কথা স্মরণ করে মুক্তিযুদ্ধে শহীদ তাঁর পিতার উপর অত্যাচারের কাহিনী তুলে ধরেন। তাঁদের স্মরণে একটি কবিতাও পড়ে শোনান। আসর শেষে, বঙ্গবন্ধুর সাথে নিউইয়র্ক সফরে আসা এবং জাতিসঙ্ঘে বাংলাদেশের স্বীকৃতিতে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেয়া তখনকার ইস্টার্ন নিউজের সাংবাদিক সৈয়দ মুহাম্মদউল্লাহ ও বাংলাদেশের প্রথম পতাকা নির্মাতা শিল্পী মিনি কাদীরকে সম্মান প্রদর্শন ও কবি নাজনীন সীমনের জন্মদিন উপলক্ষে কেক কেটে তাঁকে শুভেচ্ছা জানানো হয়।

LETTERS TO THE EDITOR:

Many thanks Sir. Looking forward to reading all the poets. Excellent magazine. And extraordinary cover of this issue. My being there in the issue is an extra encouragement for me to appreciate your effort to cater to the best poetry.

Regards,

Bishnupada Ray

Jan 31, 2017

Dear Hassanal: I'm glad to know that the magazine, PANDORA II reached you. I enjoyed reading your "Under the Thin Layers of Light." And I enjoyed writing the review of your book. Please give my regards to Stanley and Jyotirmoy Datta. I enjoyed reading the FOREWORD by Jyotirmoy Datta.

Naoshi Koriyama

March 3, 2017

শব্দগুচ্ছ (ISSN. No. 1531-2038) , জুলাই-ডিসেম্বর, ২০১৬ সংখ্যাটি গতকাল আমার ঠিকানায় এসে পৌঁছেছে সুদূর নিউইয়র্ক থেকে । আন্তর্জাতিক এই কবিতাপত্রখানি আমাকে পাঠিয়েছেন কবি ও পত্রিকা সম্পাদক শ্রী হাসানআল আব্দুল্লাহ। আমি কৃতজ্ঞ রইলাম কবি... ।

পৃথিবীর বিভিন্ন প্রান্তের কবির কবিতায় সমৃদ্ধ সংখ্যাটি অত্যন্ত নিষ্ঠার সঙ্গে সম্পাদনা করার জন্য সম্পাদক হাসানআল আব্দুল্লাহ অবশ্যই পৃথকভাবে প্রশংসার দাবি রাখেন ।

প্রথমেই সম্পাদকের জার্নাল: সৈয়দ হক: বেঁচে থাকবেন...অত্যন্ত প্রয়োজনীয় বিষয়, লেখা । ভালো লাগা জানাই । শব্দগুচ্ছ বর্তমান সংখ্যায় প্রকাশিত কবিতা প্রসঙ্গে বলতে চাইবো কবি Dariusz Thomasz Lebioda অনুবাদ কবিতা Generation 1958, Jeans ও Theresa, Richard Jeffrey Newman এর You'd better finish knitting: A ghazal, কবি বায়তুল্লাহ কাদেরীর কবিতা পক্ষিগোত্র - ২, বিভাসা একটি নাম, সন্ধি হবে বলেছিলে ও ধ্রুব হয়ে এসেছি জলৌকা, কবি মতিন রায়হান এর নদী বিষয়ক, কবি আনিসুর রহমান অপূর যীশ্বর যন্ত্রণা ও কবিবন্ধু রনি অধিকারীর কবিতা লোকালয় ছেড়ে একদিন, কবি জসিম উদ্দিন টুটুলের কবিতা একটি বিড়াল অবশ্যই পাঠক মনে রেশ রেখে যায় ।

শব্দগুচ্ছ আরও এগিয়ে যাক, পৃথিবীর কোনায় কোনায় ছড়িয়ে পড়ুক, এই কামনাই করি ।


রাহুল রায়চৌধুরী/Rahul Roy Choudhury

March 8, 2017

তখন আমি জলংগী থাকি । সাল ১৯৯৯ । শব্দগুচ্ছতে পাঠানো আমার কবিতা ছাপানো হয় । খুব খুশী আর আনন্দে মন ভরে গিয়েছিলো । তারপর চাকরির কারণে বহু জায়গায় গেছি, ভুলতে পারিনি হাসানআল আব্দুল্লাহ আর তাঁর আন্তরিকতাকে । ধন্যবাদ শান্তি নিকেতনের প্রবীর দাসকে যাঁর জন্য সুদূর আমেরিকায় আমার লেখা চলে গিয়েছিল ।

বাসুদেব সেন/Basudev Sen

March 30, 2017



বইমেলা ২০১৮

আট খণ্ডে প্রকাশিত হচ্ছে

কবি নির্মলেন্দু গুণ
রচনাবলি

আপনার কপিটি সংগ্রহ
করুন

কাকলী প্রকাশনী




২০১৮ বইমেলায়
কবি ও বহুমাত্রিক লেখক
হাসানআল আব্দুল্লাহ'র
বই



১. নির্জনে একাকী সূর্য (কাব্যগ্রন্থ), অনন্যা
২. বিশ্বকবিতা সংগ্রহ (অনুবাদ), মাওলা ব্রাদার্স
৩. ফুলের হাসি চাঁদের হাসি (ছড়া), পুথিনিলায়
৪. কবিতার ছন্দ (ছন্দ বিষয়ক প্রবন্ধ ।। তৃতীয় সংস্করণ),
মাওলা ব্রাদার্স

আপনার কপিটি সংগ্রহ করুন!




অনুভূতি
সম্পাদক: রনি অধিকারী

শিল্প সাহিত্যের এই ত্রৈমাসিক
পত্রিকাটির প্রকাশ করেছে
হাসানআল আব্দুল্লাহ সংখ্যা

মুঠোফোন: ০১৭১২-০২৪৬৫৫
roni_adhikari@yahoo.com

দ্বিতীয় ও বর্ধিত সংস্করণ
বইমেলায় ২০১৭




A bilingual collection of
Hassanal Abdullah's Sonnets:

Swatantra Sonnets
Bengali with English translation
by the Author

Published by Feral Press and Cross-
Cultural Communications, NY

ISBN 978-0-98304-594-4
\$15.00

Please order your copy from
amazon.com



নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ
হাসানআল আব্দুল্লাহ

প্রথম প্রকাশ ২০০৭

মানুষ ও মহাবিশ্বের চলমানতা নিয়ে
বিজ্ঞানের আলোকে

কবি হাসানআল আব্দুল্লাহ
রচিত

মহাকাব্য
নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ

২০১৭ বইমেলায় প্রকাশিত হলো
দ্বিতীয় সংস্করণ

প্রচ্ছদ: প্রব এষ
পৃষ্ঠা: ৩০৪

প্রকাশক: অনন্যা

শব্দগুচ্ছ সুদৃশ্য, সুপাঠ্য, সুসম্পাদিত
—শিবনারায়ণ রায়

হাসানআল আব্দুল্লাহ বাংলার ভূমিজ
এক নতুন শক্তি।

—জ্যোতির্ময় দত্ত



Naznin Seamon's
new book of poetry

Hollowness on the Horizon


Translated from the Bengali
by Hassanal Abdullah

Published by
Feral Press
Oyster Bay, NY

Collages: John Digby

Collect Your Copy!

www.pp-pub.com



মহাপৃথিবী


শম্ভু রক্ষিত সম্পাদিত ত্রৈমাসিক এই কবিতার
কাগজটি প্রকাশিত হচ্ছে ৪২ বছর ধরে

কবিতা পাঠানোর ঠিকানা:

Mahaprithivi
Birinchiberia, Purba Sreekrishnapur,
Purba Midnapore 721635, W. B., INDIA

রবীন্দ্রনাথকেও চিনতে অনেক সময় নিয়েছিল বাঙালি পাঠকেরা।
...দেখে শুনে মনে হচ্ছে স্বীকৃতির ক্ষেত্রে রবীন্দ্র দশাই ঘটতে
যাচ্ছে কবি হাসানআল আব্দুল্লাহর।

—বেলাল বেগ



The Serpent's Secret

(Children's novel based on Bengali folk tales)

by **Syantani DasGupta**

will be published from **Scholastic** in February, 2018.

Please collect your copy from **Amazon.com** or **Barnesandnoble.com**

CONTRIBUTORS

Poetry in English and Translation

Sudhindranath Datta (1901-1960)

Sultan Catto Stanley H. Barkan

Roy Smith Ritwik Balo Otis Kidwell Burger Naznin Seamon

Michael Graves Manolis Aligizakis Khe Iem Hassanal Abdullah

Germain Droogenbroodt Changming Yuan

Carolyn Mary Kleefeld Bishnupada Ray Bill Wolak B. Amore

Poetry in Bengali

Uday Shankar Durjay Tusar Prasun Sheik Shahadat Hossain

Roni Adhikari Matin Raihan Biren Mukherjee Azim Hiya

Book Review

Naoshi Koriyama

Letters to the Editor

Rahul Roy Choudhury Naoshi Koriyama

Bishnupada Ray Basudev Sen

Cover Art

Lidia Chiarelli

Logo

Najib Tareque

Shabdaguchha Press

Woodhaven, New York

ISSN 1531-2038